



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৭জি/৮৮ (ক-৩)/২০১১/ 288779

তারিখ: ৭/০৮/২০২২খ্রি.

বিষয় : দিনাজপুর জেলার সদর উপজেলাধীন শংকরপুর মহাবিদ্যালয়ের সহকারী গ্রন্থাগারিক জনাব মো: রেজাউল ইসলাম-এর স্বপদে বহাল এবং অধ্যক্ষের জ্যেষ্ঠতা লংঘনের বিষয়ে তথ্য উপস্থাপন।

- সূত্র: ১. জেলা শিক্ষা অফিসের স্মারক নং- জেশিঅ/দিনাজ/২০২১/১০৮১; তারিখ: ০৫/০৮/২০২১ খ্রি.
২. ডকেট নম্বর-৮৫১; তারিখ: ০৯/১১/২০২১খ্রি.
৩. মাউশি অধিদপ্তরের স্মারক নং-৭জি/৮৮ (ক-৩)/২০১১/৩৪৪/৭; তারিখ: ২৪/০১/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার সদর উপজেলাধীন শংকরপুর মহাবিদ্যালয়ের সহকারী গ্রন্থাগারিক জনাব মো: রেজাউল ইসলাম-এর বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলনের আদেশ প্রদানের বিষয়ে জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর এর একটি প্রতিবেদনের প্রেক্ষিতে এবং সূত্রস্থ ০২ নং স্মারকের আবেদনে অধ্যক্ষের জ্যেষ্ঠতা লংঘনের বিষয়ে অভিযোগের প্রেক্ষিতে বিস্তারিত তথ্য উপপরিচালক (কলেজ-১) এবং সহকারী পরিচালক (কলেজ-৩)-এর নিকট জরুরি ভিত্তিতে প্রদর্শনের জন্য পত্র দেয়া হয়। কিন্তু উক্ত বিষয়ে কোন জবাব পাওয়া যায়নি।

মাউশি অধিদপ্তরের সূত্রস্থ ৩নং স্মারকের পত্রের জবাব প্রেরণ না করায় তার বেতন-ভাতা (এমপিও) কেন বন্ধ করা হবে না তার জবাব প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, দিনাজপুর জেলার সদর উপজেলাধীন শংকরপুর মহাবিদ্যালয়ের সহকারী গ্রন্থাগারিক জনাব মো: রেজাউল ইসলাম-এর বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলনের এবং অধ্যক্ষের জ্যেষ্ঠতা লংঘনের অভিযোগের বিষয়ে বিস্তারিত তথ্য প্রদান না করায় কেন তার বেতন-ভাতার সরকারি অংশ (এমপিও) বন্ধ করা হবে-না মর্মে ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে জবাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। জবাব প্রেরণ না করলে কোন জবাব নেই মর্মে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

AKW 3.8.22

(মোঃ আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

শংকরপুর মহাবিদ্যালয়

সদর, দিনাজপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;
০২. সভাপতি, পরিচালনা পরিষদ, শংকরপুর মহাবিদ্যালয়, সদর, দিনাজপুর (বর্ণিত বিষয়ে তথ্য প্রদানের অনুরোধসহ);
০৩. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর (পত্রটি বর্ণিত প্রতিষ্ঠানে প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ);
০৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, দিনাজপুর (পত্রটি বর্ণিত প্রতিষ্ঠানে প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ);
০৫. জনাব মো: আতাউর রহমান, সহকারী অধ্যাপক (ব্যবস্থাপনা), শংকরপুর মহাবিদ্যালয়, সদর, দিনাজপুর;
০৬. জনাব মোঃ রেজাউল ইসলাম, সহকারী গ্রন্থাগারিক, শংকরপুর মহাবিদ্যালয়, সদর, দিনাজপুর;
০৭. সংরক্ষণ নথি।